

## কোলাজের মা

কোলাজে দেখা গেল এক অনবদ্য মুখ  
লোলচর্ম সার। স স বলিরেখা ঘেরা  
এরই মাঝে চাতকের মতো চোখ।  
গোটা ঘাম ফুটিফাটা, নয়ানজুলি ও শুকনো  
ঢাঁচের মতো খসখসে, রসকষ্টহীন।  
শুধু কিছু ক্যাকটাস জানায়, বাঁজা নয় বন্ধা নয়, উর্বরতা  
এখনও কিছু বাকি।

সারাদিন, রাতভোর চেয়ে থাকা শরীর  
থেকে রস্তবিন্দুর মতো বারে পড়া ঘাম  
বুঝিয়ে দেয় আন্দোলন এখনও বহাল আছে।  
ঘরের কোণে প্রদীপের আলোর মতো  
এক বিন্দু আশা কুরে কুরে খায়।

মেঝেতে শোয়ানো দেবশিশু  
কান্নায় ফাটিয়ে দেয়,  
হাদরের অলিন্দ।  
মাকে দেখা যায় খোলা আকাশের নীচে  
পূর্বের হাওয়ায় অঁচল উড়িয়ে শুধুই আকৃতি  
আন্দোলন নয়, শুধু তার বুকে ফিরে আসুক মাত্তসুধা।

পুঁতিপতা দাশ

